রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুন ৬, ২০০২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়**
**শাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২১শে জ্যৈষ্ঠ ১৪০৯/৪ঠা জুন ২০০২

এস, আর, ও, নং১০৮-আইন/পিটি/শাখা-৫/২০০২—বাংলাদেশ টেলিযোগাযোগ আইন, ২০০১ (২০০১ সনের ১৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ১০১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের ক্ষমতা সম্পর্কে নিম্নরূপ ব্যাখ্যা প্রদান করিল, যথা ঃ—

উক্ত আইন এর ধারা ৯৩ এর দ্বিতীয় শর্তাংশের অর্থ হইবে উক্ত আইন প্রবর্তনের পূর্বে বাংলাদেশ টেলিগ্রাফ এন্ড টেলিফোন বোর্ড (বিটিটিবি) উহার প্রদত্ত সেবা বাবদ ট্যারিফ, কল-চার্জ এবং অন্যান্য চার্জ যেইভাবে নির্ধারণ ও আদায় করিতে পারিত, উক্ত আইন প্রবর্তনের তারিখ হইতে অনধিক তিন বৎসর সময়কালের মধ্যে, উক্ত শর্তাংশের বিধান অনুসারে পুনর্গঠিত না হওয়া পর্যন্ত সেইভাবে নির্ধারণ ও আদায় করিতে পারিবে এবং বর্ণিত সময়কালের মধ্যে বিটিটিবি কর্তৃক উক্তরূপ নির্ধারণ ও আদায়ের ক্ষেত্রে উহার উপর বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের কোন নিয়ন্ত্রণ ক্ষমতা থাকিবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মাদ ওমর ফারুক**
সচিব।

মোঃ সারোয়ারুজ্জামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।



মূল্য ঃ টাকা ১.০০